জায় নড় দিয়া। গাছ পাঁচ ছয় গুয়া একত্র করিয়া॥ হেন সে চৈতন্য নিত্যানন্দ প্রেমবল। তৃনপ্রায় উপাড়িয়া ফেলায় সকল॥ অশ্রু কম্প স্ত
ম্ভ স্বেদ পুলক হুঙ্কার। স্বরভঙ্গ বৈবর্ণ্য গর্জ্জন সিংহসার॥ শ্রী আনন্দ মূর্চ্ছা আদি যত প্রেম ভাব। ভক্তনীয় যত আছে কৃষ্ণ অনুরাগ॥
সভার শরীরে পূর্ণ হইল সকল। হেন নিত্যানন্দ স্বরূপের কৃপাবল॥ যে দিগে দেখেন নিত্যানন্দ মহাশয়। সেই দিগে হয় জগপ্রেমময়
ণামময়॥

য়াহারে দেখেন শেই প্রেমে মূর্চ্ছা জায়। বস্ত্র না সম্বরে শেধে ভূমে গড়ি জায়॥ নিত্যানন্দ স্বরূপের বিহারে জায়। শাল নিত্যানন্দ প্রভু বলি যাসু
পায়॥ জত পারিষদ নিত্যানন্দের প্রধান। শভাতে হইল শর্ব্বশক্তি অধিষ্ঠান॥ শর্ব্বজ্ঞতা বাক্যসিদ্ধি হইল শভার। শভে হইলেন যেন
কন্দর্প আকার॥ শভে জারে পরশ করেন হস্ত দিয়া। শেই হয় বিহ্বল আপনা পাশরিয়া॥ এইমত পানীহাটি গ্রামে তিন মাস। করিলেন
নিত্যানন্দ প্রেমের বিলাস॥ তিন মাস কার বাহ্য নাহিক শরীরে। দেহধর্ম্ম কাহারো তিলার্দ্ধ নাহি স্ফুরে॥ তিন মাস কেহো না করিলেন
আহার। শভে প্রেমসুখে মাত্র দিন্য নাহি আর॥ পানীহাটি গ্রামে যত হইল প্রেমসুখ। চারি বেদে বর্ণিবেন এসব কৌতুক॥ এক দণ্ডে
নিত্যানন্দ করিলেন যত। তাহা বর্ণিবার শক্তি আর কার কত॥ ক্ষনে ক্ষনে আপনে করেন নৃত্য রঙ্গ। চতুর্দ্দিগে লই সব পারিষদ সঙ্গে॥
কখনো বা আপনে বসিয়া বীরাসনে। নাচাএন সকল সেবক জনে জনে॥ একেক সেবকের নৃত্যে হেন রঙ্গ হয়। চতুর্দ্দিগে দেখি যেন প্রেমের
সময়॥ মহাঝড়ে পড়ে যেন কদম্বের বন। এইমত প্রেমসুখে পড়ে শর্ব্বজন॥ আপনে যে হেন মহাপ্রভু নিত্যানন্দ। শেইমত করিলেন
সর্ব্ব ভক্তবৃন্দ॥ নিরবধি শ্রীকৃষ্ণচৈতন্য সংকীর্ত্তন। করায়েন করেন লইয়া ভক্তগণ॥ হেন শে লাগিলা প্রেম প্রকাশ করিতে। শেই কা
ন্দিগতে জেই আইসে দেখিতে। জে সেবকে জখনে জে ইচ্ছা করে মনে। শেই আসিয়া উপসন্ন হয় শেই ক্ষনে॥ এইমত প্রেমসুখে পরানন্দ
বশে। ক্ষনপ্রায় কেহো না জানিল তিন মাসে॥ তবে মহাপ্রভু নিত্যানন্দ কথো দিনে। অলঙ্কার পরিতে হইল ইচ্ছা মনে॥ ইচ্ছামাত্র
শর্ব্ব অলঙ্কার শেই ক্ষনে। উপসন্ন আসিয়া হইল বিদ্যমানে॥ সুবর্ণ রজত মরকত মনোহরে। নানাবিধ বহুমূল্য কতেক প্রকারে॥

মনিমুক্তাপ্রবাল পট্ট বস্ত্র মুক্তাহার। সুকৃতি সকলে দিয়া করেন নমস্কার॥ ক্রমুক নির্মান কমোক্ক করিয়া নির্মান। পরিলেন অলঙ্কার
জেন ইন্দ্রতান॥ দুই হস্তে সুবর্ণের অঙ্গদ বলয়। পুষ্প করি পরিলেন আনে হেমময়॥ সুবর্ণ মুদ্রিকা রঙ্গে করিয়া বন্ধন। দশ অঙ্গু
লে শোভা করে বিভূষণ॥ কর্ণে শোভা করে বহুবিধ দিব্য হার। মনি মুক্তা প্রবালাদি যত সর্ব্বসার॥ রুদ্রাক্ষ রাগলক্ষ্মী সুবর্ণ
রজিতে। বান্ধি ধাধরিলা কণ্ঠে মহেশের প্রীতে॥ মনিময় কুণ্ডল রতন বিভূষণ। দুই শ্রুতি মূলে দোলে পরম শোভন॥ পাদপদ্মে রজত

নূপুর বিলক্ষণ। তদুপরি মল্ল শোভে জগত মোহন॥ শুক্ল পীত পট্ট নীল বহুবিধ বাস। অপূর্ব্ব শোভা পরিধানের বিলাস॥ মালতি মল্লি
কা দমন কদম্বের মালা। শ্রীঅঙ্গে করয় দোলায়মান লীতমেলা॥ গোরোচনা সহিত চন্দনাদি কগন্ধে। বিচিত্র করিয়া লেপিয়াছে গো
লেপিয়াছে শ্রীঅঙ্গে॥ শ্রীমস্তকে শোভয় বিবিধ পট্টবাস। তদুপরি নানা রঙ্গে মালার বিলাস॥ প্রসন্ন শ্রীমুখ কোটি শশধর জিনি।
হাসিয়া করেন নীরন্তর হরিধ্বনী॥ জেদিগে চাহেন দুই কমল নয়নে। সেই দিগে প্রেম সুখে ভাসে সর্ব্বজনে॥ রজতের প্রায় লোহদ

ণ্ড শোভে করে। অশ্ম ধরিল জেন প্রচণ্ড হলধরে॥ দুইদিগে করিতম্মি সুবর্ণে বন্ধন। নিরবধি লৌহ লোহদণ্ড বিভূষণ॥ পারিশদ সব
পরিলেন অলঙ্কার। অঙ্গদ বলয় শ্রীনূপুর সুহার॥ সিঙ্গা বেত্র বংশী ছান্দ দড়ি গুঞ্জামালা। শাভে ধরিলেন গোপালের অংশকে
লা॥ এইমতে নিত্যানন্দ অনন্ত বলরাম। বিহরে সকল পারিশদগন সঙ্গে॥ তবে প্রভু সর্ব্ব পারিশদগন মেলি। ক্রত্যাহে হেক
রে পায়োষ্ট নকেলি॥ জাহ্নবির দুইকূলে জত আছে গ্রাম। সর্ব্বত্রে ফিরেন নিত্যানন্দ জ্যোতির্ধাম॥ দরশন মাত্র সর্ব্ব জীব প্রেমময়।

1106

নামতত্ত্ব দ্বই নিত্যানন্দ রশাময়।। পাশাস্তিও দেখি লেই মাথফারেস্তুতি। শর্ব্বস্ব দিবারে শেইক্ষনে লয়মতি। নিত্যানন্দ শ্বরূপে পরমশুধী
রে। শতারে ইহুপাদু ষ্ঠী ফিরে এ প্রভুর।। ক্ষিতোজনে কি শয়নে কিবা পর্য্যটনে। ক্ষনেকো নাজায় কৃষ্ণ কীর্ত্তনে।। যেখানেক
রেন নৃত্য কৃষ্ণ শংকীর্ত্তনে। তথাই বিহ্বল হয় শত শত জনে।। গৃহস্তের শিশুসব কিছু নাহি জানে। তাহারাও মহামত্ত বৃক্ষ ধরি টানে।।
হুঙ্কার করিয়া বৃক্ষ গেলে উপাড়িয়া। মুনিরে গোপাল বুলি বেড়ায় ধাইয়া।। হেন শে শামর্থ একো শিশুর শরীরে। শতজন ৫২
মিলি ধায় ধরিতে না পারে।। জয় কৃষ্ণ চৈতন্য শ্রী নিত্যানন্দ বুলি। উপাড়িয়া ফেলে বৃক্ষ হস্ত আনন্দে হলি।। এইমত নিত্যানন্দ বালক ৫০
জীবন। বিভে বালক রিতে নাগিলেন শিক্ষগন।। মাশেকেও একো শিশু না করে আহার। দেখিতে লোকের চিত্তে লাগে চমৎকার
।। হইলেন বিভোল শকল ভক্তবৃন্দ। আপনে রক্ষক হেলা প্রভু নিত্যানন্দ।। পুত্র প্রায় যে করি প্রভু শতারে ধরিয়া। করায়েন ভোজন
আপনে হস্ত দিয়া।। কারেও বা বান্ধি রাখেন নিজ পাশে। মারেন বান্ধেন তারা মহানন্দে ভাসে।। এক দিন গদাধর দা ৫০
শের মন্দিরে। আইলেন তান প্রিতক রিবার তরে।। গোপী ভাবে গদাধর দাশ মহাশয়। হইয়াছেন পরম আনন্দ প্রেমময়।। মস্ত ৫২
কে করিয়া গঙ্গাজলের কলশ।। নীরন্তর ডাকেন কে কিনিবে গোরশ।। শ্রীবাল গোপাল মূর্ত্তি তার দেবালয়ে। আছেন পরমনা
বন্যশামুশ্চয়ে।। দেখি বাল গোপালের মূর্ত্তি মনোহর। প্রীতে নিত্যানন্দ নিলেন বক্ষের উপরে।। অনন্ত হৃদয়ে গেলা শ্রীবাল গো
পাল।। শর্ব্বগনে হরিধ্বনি করেণ বিশাল।। হুঙ্কার করয় নিত্যানন্দ মল্লরায়। করিতে লাগিলা নৃত্য গোপাল লীলায়।। ।।

৭

দানখণ্ড গায়েন মাধবানন্দ ঘোশ। শুনি অবধৌত সিংহ পরম শন্তোশ॥ পুন্যবন্ত মাধবের হেন দিব্যধ্বনী। শুনিতে আবিষ্ট হয়
অবধৌতমনি॥ শুক্লাতিল গদাধর দাশ কবিশাদে। দানখণ্ড নৃত্যে অতুক্ত করে মহারঙ্গে॥ গোপীভাবে বাহ্য নাহি গদাধর দাশে।
নিরবধি আপনাকে গোপী হেন বাশে॥ দানখণ্ড লীলা শুনি নিত্যানন্দ রায়। যে নৃত্য করেন তাহা বর্ন্ননা না জায়॥ প্রেম ভক্তি বি
কারের যত আছে নাম। শকল প্রকাশী নৃত্যে করে অনুপাম॥ বিদ্যুতের প্রায় নৃত্যে গতির ভঙ্গিমা। কিবা শে অদ্ভুত ভুজ চালন
মহিমা॥ কিবা শে নয়ন ভঙ্গি কি শুন্দর হাশ। কিবা শে অদ্ভুত শব কম্পের বিলাশ॥ একত্র করিয়া দুই চরণ যুগল। শীলো জো
ড়ে জোড়ে লাফ দেন মনোহর॥ যেদিগে চাহেন নিত্যানন্দ প্রেমরশে। শেইদিগে স্ত্রীপুরুষে ভাশে প্রেমরশে॥ হেন শোক করেন কৃপা
দৃষ্টি অতিশয়। পরানন্দে দেহস্ফুর্ত্তি কারো না থাকয়॥ যে ভক্তি বাঞ্ছে এ যোগীন্দ্রাদি মুনিগনে। নিত্যানন্দ প্রশাদে তা
হৈপায় শর্ব্বজনে। হস্তি হেন জন না পারে হইলে তিনদিন। চলিতে না পারে শে দুঃখেতে যেন ক্ষীণ॥ একমাশ একশিংহ না করে
আহার। তথাপিও সিংহপ্রায় শব ব্যবহার॥ হেন শক্তি প্রকাশেন নিত্যানন্দ রায়। তথাপি না বুঝে কেহো চৈতন্য মায়ায়॥ এই মত
একদিন প্রেমানন্দ রশে। গদাধর দাশের মন্দিরে অত্ত বেশে॥ বাহ্য নাহি গদাধর দাশের শরীরে। নিরবধি হরি বুলি
বোলায় শভারে॥ শেইগ্রামে কাজি আছে পরম দুর্ব্বার। কীর্ত্তনের প্রীতি দ্বেশ করএ অপার॥ পরানন্দে মত্ত গদাধর
মহাশয়। নিশাভাগে গেলা শেই কাজির আলয়॥ যে কাজীরে ভয়ে লোক পালায় অন্তরে। নিশাভাগে গেলা শেই কাজীর

১১০৪

মন্দিরে॥ নিরবধি হরিধ্বনী করিতে করিতে। প্রবিষ্ট হইলা আসি কাজির বাড়িতে॥ দেখি মাত্র রহিলা কাজির লোকগনে। কাহারো
বুলিতে কিছু না আইসে বদনে॥ গদাধর বোলে আরে কাজী বেটা কোথা। ঝাট কৃষ্ণ বোল নহে ছিণ্ডো এই মাথা॥ অগ্নী হেন ক্রো
ধে কাজী হইলা বাহির। গদাধর দাস দেখি মাত্র হইলা স্থির॥ কাজী বোলে গদাধর তুমি কেনে এথা। গদাধর বোলয়ে আছএ কৃ
ষ্ণকথা॥ শ্রীচৈতন্য নিত্যানন্দ প্রভু অবতরি। জগতের মুখে বোলাইলা হরি হরি॥ সবে তুমি মাত্র নাহি লহ হরিনাম। তাহা
বোলাইতে আইলাঙ তোমা স্থান॥ পরম মঙ্গল হরিনাম বোল তুমি। তোমার সকল পাপ উদ্ধারিব আমি॥ যদ্যপিও কাজি
মহাহিংসক চরিত। তথাপি না বোলে কিছু হইলা স্তম্ভিত॥ হাসি বোলে কাজি শুন দাস গদাধর। কালি বুলিবাঙ হরি আ
জি যাহ ঘর॥ হরিনাম মাত্র শুনিলেন তার মুখে। গদাধর দাস ভেলা পূর্ণ প্রেমসুখে॥ গদাধর দাস বোলে আর কালি কেনে।
এই ত বলিলা হরি আপন বদনে॥ আর তোর অমঙ্গল নাহি কোন ক্ষনে। জখনে করিলি হরিনামের গ্রহনে॥ এত বুলি পরম
উন্মাদ গদাধর। হাথে তালি দিয়া নৃত্য করে বহুতর॥ কথোক্ষনে আইলেন আপন মন্দিরে। নিত্যানন্দ অধিষ্ঠান যাহার শ
রীরে॥ হেনমত গদাধর দাসের মহিমা। চৈতন্য পারিশদ মধ্যে জাহার গননা॥ জে কাজির বাতাস না লয় সাধুজনে। পাই
লেই মাত্র জাতি লয় সেই ক্ষনে॥ হেন জন পাসরিল সর্ব দেহধর্ম। এই মত হয় কৃষ্ণ আবেশের কর্ম॥ সত্য কৃষ্ণ ভাব হয় জাহা
র শরীরে। অগ্নী সর্প ব্যাঘ্র কিছু করিতে পারে তারে॥ ব্রহ্মাদির বাঞ্ছিত যে সব কৃষ্ণ ভাব। গোপীগনে বিদিত যে সব
অনুরাগ॥

ইহি তিত্রশব নিত্যানন্দরায়। দিলেন শকল দ্বীপ গানের কৃপায়॥ অজ্ঞ যাহা হৈতেন নিত্যানন্দের চরণ। যাহার কৃপায় হয় চৈতন্য
স্মরণ॥ তবে নিত্যানন্দ মহাপ্রভুকে যোদিলে। শচীআই দেখি তেহ হৈল হৃষ্টমনে॥ শুভযাত্রা করিলেন নবদ্বীপ প্রতি। শর্ব্বপা
রিশদগণ কত রিয়া শংহতি॥ তবে আইলেন অগ্র খড়দহ গ্রামে। পুরন্দর পণ্ডিতের দেবালয় স্থানে॥ খড়দহে আসি নিত্যান
ন্দ মহারায়। নৃত্য করিলেন নৃত্যেক হনে নাজায়॥ পুরন্দর পণ্ডিতের পরম উন্মাদ। বৃক্ষের উপরে চড়ি ছাড়ে সিংহনাদ॥

ব্যাঘ্র নাহি শ্রীচৈতন্যদাসের শরীরে। বাঘ্র দাবাড়ি যাজায় বনের ভিতরে॥ কখনো চড়েন শেই ব্যাঘ্রের উপরে। কৃষ্ণের প্রশা
দে ব্যাঘ্র লঙ্ঘিতে না পারে॥ মহা অজগর শর্প করি নিজ কোলে। নির্ভয় চৈতন্যদাস খেলে কতুহলে॥ ব্যাঘ্রের শাহিতে খেলা
খেলেন নির্ভয়। হেন কৃপা করেন অবধৌত মহাশয়॥ সেবক বৎসল প্রভু নিত্যানন্দরায়। হুঙ্কার দন্ত তখন হাঙ্গ তে গুড়ায়॥
চৈতন্যদাসের থালে বৃন্দ্য স্মৃতিশর্ব্বথা। নিরন্তর কহেন আনন্দ মনঃকথা॥ দুই তিন দিন মজি গঙ্গার জলের ভিতরে। থাকেন

কোথাও দুঃখ না থাকে শরীরে॥ যতপ্রায় অলক্ষীত বেশ ব্যবহার। পরম উদ্দাম সিংহ বিক্রম অপার॥ চৈতন্যদাসের অতি ভক্তির
বিকার। কতবা কহি সে পারিভক্তির বিকার॥ শকল অপার॥ যোগ্য চৈতন্যদাস মুরারি পণ্ডিত। যার ব্যাখ্যা শেত কৃষ্ণ পাইয়ে বেরিত॥
এবে কেহ বোলায় চৈতন্যদাস নাম। স্বপনে না হিক মুখে চৈতন্য গুণ গ্রাম॥ অদ্বৈতের প্রাননাথ শ্রীকৃষ্ণচৈতন্য। যার ভক্তি প্রশা
দে শকল লোক ধন্য॥ জয় খড়া অদ্বৈতের সে চৈতন্যের ভক্তি। যাহার প্রসাদে অদ্বৈতের শর্ব্বশক্তি॥ শাস্ত্রলোক অদ্বৈতের এমহিমা ঘোষে॥

কহে হেথা অদ্বৈতের নিন্দা হেন বাশে ॥ সেত্ত্বছার বোলায়ে চৈতন্যদাশ নাম । সেপাপী ক্লেনে জায় অদ্বৈতের স্থান । এপাপীরে অদ্বৈতের লোক
বোলে জে । আছে তের হৃদয় নাবু ঝেক তুশে ॥ বাঙ্কশৈর নাম জেণ কহি পুনস্তা । এইমত এশব চৈতন্যদাশ্যান ॥ কথোদিন নিত্যানন্দ
শক্তিশ উদ্দেহে । শপ্তগ্রামে আই লেন শর্ব্বগনশাহে ॥ সেই শপ্তগ্রামে আছে শপ্তঋশী স্থান । ত্রিভুবনে বিদিত ত্রিবেনি ঘাট নাম ॥ সেই
গঙ্গাঘাটে পূর্ব্বে শপ্তঋশী সিগন । তপকরি পাইলেন গোবিন্দচরন ॥ তিনদেবী সেই স্থানে একত্র মিলন । জাহ্নবি যমুনা শর শ্বতির শঙ্গ ৫৪

ম ॥ প্রসিদ্ধ ত্রিবেনী ঘাট শকল ভুবনে । শর্ব্বপাপক্ষয় হয় যাহার স্মরনে ॥ নিত্যানন্দ মহাপ্রভু পরমউল্লাস । ভক্তশঙ্গে সেই ঘাটে
করিলেন স্নান ॥ উদ্ধারনদত্তভাগ্যবন্তের মন্দিরে । রহিলেন মহাপ্রভু ত্রিবেনির তিরে ॥ কায়মন বাক্যে নিত্যানন্দের চরণ । ভজি ৪২
লেন আক্তে তবে দত্তউদ্ধারন ॥ নিত্যানন্দ স্বরূপের সেবা অধিকার । পাইলেন উদ্ধারণ কিবা ভাগ্য আর ॥ জন্মজন্ম উদ্ধারনতা
হার কিঙ্কর । তাকিতেরা দিলা জিহো প্রভুরে অন্তরে ॥ যতেক বনিক শল উদ্ধারন হৈতে । পবিত্র হইলা দ্বিধা নাহিক ইহাতে ॥ বনি ৫২

কতারিতে নিত্যানন্দ অবতার । বনিকেরে দিলা প্রেম ভজনাধিকার ॥ শপ্তগ্রামে প্রতি বনিকের ঘরে ২ । আপনে শ্রী নিত্যানন্দ কীর্ত্তনে ৫৪
বিহরে ॥ বনিক শকল নিত্যানন্দের চরন । শর্ব্বভাবে ভজিলেন লইয়া স্মরন ॥ বনিক শভের কৃষ্ণভজন দেখিতে । মনে চমৎকার
পায় শকল জগতে ॥ নিত্যানন্দ মহাপ্রভুর মহিমা অপার । বনিক অধম মুর্খ জে কৈল পার ॥ শপ্তগ্রামে মহামত্ত নিত্যানন্দরা
য় । গনশাহে শং কীর্ত্তন করেন লীলায় ॥ শপ্তগ্রামে জত হৈল কীর্ত্তন বিহার । শত বৎসরেও তাহা নারি বর্ন্নিবার ॥ ॥

সর্ব্বজন সুখে রহিলেন নদীয়া নগরে। সেইমত সুখে রহিল শান্তিপুরে।। রাত্রিদিনে ক্ষুধা তৃষ্ণা নাহি নিদ্রা ভয়। সর্ব্বদিগে দেখি যেন
প্রেমবন্যাময়।। প্রতি ঘরে ঘরে প্রতি নগরে চত্বরে। নিত্যানন্দ মহাপ্রভু কীর্ত্তনে বিহরে।। নিত্যানন্দ স্বরূপের আবেশ দেখিতে। মনে
চমৎকার পায় সকল জগতে।। আনের কি দায় বিষ্ণুদ্রোহি যে জবন। তাহারাও পাদপদ্মে লইল শরণ।। যবন সভের রূপ আবে
শ দেখিতে। মনে চমৎকার পায় সব্রাহ্মণ সভেতে।। জয় জয় অবধৌত চন্দ্র মহাশয়। জাহার কৃপায় হেন সব রঙ্গ হয়।। এইমতে স
প্তগ্রামে আম্বুয়া মুলুকে। বিহরেন নিত্যানন্দ স্বরূপ কৌতুকে।। তবে কথো দিনে আইলেন শান্তিপুরে। আদ্বৈত আচার্য্য প্রিয় বিগ্রহে
র ঘরে।। দেখিয়া অদ্বৈত নিত্যানন্দের শ্রীমুখ। হেন নাহি জানেন জন্মিল কোন সুখ।। হরি বুলি লাগিলেন করিতে হুঙ্কার। প্রদ
ক্ষিন দণ্ডবৎ করেন অপার।। নিত্যানন্দ স্বরূপো অদ্বৈত করি কোলে। সিঞ্চিলেন অঙ্গ তান প্রেমানন্দ জলে।। দোহে দোহা দেখি বড়
হইলা বিবশ। জন্মিল অনন্ত অনির্ব্বচনীয় রশ।। দুহেঁ দোহাঁ ধরি গড়ি জায়েন অঙ্গনে। দুহেঁ চাহেন ধরিবারে দোহাঁর চরণে।। কোটী
সিংহ জিনি দোঁহে করে সিংহনাদ। সম্বরণ নহে দুই প্রভুর উন্মাদ।। তবে দুই প্রভু হৈলা কতক্ষনে স্থীর। রহিলেন এক স্থানে দুই
মহাধীর।। করজোড় করিয়া অদ্বৈত মহামতি। সন্তোষে করেন নিত্যানন্দ প্রতি স্তুতি।। তুমি নিত্যানন্দ মূর্ত্তি নিত্যানন্দ নাম।
মূর্ত্তিমন্ত তুমি চৈতন্যের গুনধাম।। সর্ব্বজীব পরিত্রাণ তুমি মহাহেতু। মহাপ্রলয়েতে তুমি সত্য ধর্ম্ম সেতু।। তুমি সে বুঝাহ চৈ
তন্যের প্রেমভক্তি। তুমি সে ধরহ চৈতন্যের সর্ব্ব শক্তি।। ব্রহ্মা শিব নারদাদি ভক্ত নাম জার। তুমি সে পরম উপদেষ্টা সভাকার।।

বিষ্ণুভক্তে শক্তি সিধে তোমা হৈতে। তথাপিহ অভিমান না জন্মে তোমাতে॥ অদোষদরশী তুমি দোষদৃষ্টি শূন্য। তোমারে যে জানে
তার থাকে বহু পুণ্য॥ সর্ব্ব যজ্ঞময় এই বিগ্রহ তোমার। অবিদ্যাবন্ধন খণ্ডে স্মরণে যাহার॥ যদি তুমি প্রকাশ না কর আপনারে। তবে
কার শক্তি আছে জানিতে তোমারে॥ অক্রোধ পরমানন্দ তুমি মহেশ্বর। সহস্রবদন আদি দেব মহীধর॥ রাক্ষস দলন তুমি শ্রী
লক্ষ্মণ চন্দ্র। তুমি গোপপুত্র হলধর মূর্ত্তিমন্ত॥ মূর্খ নীচ পতিত অধম উদ্ধারিতে। তুমি অবতীর্ণ হইয়াছ পৃথিবীতে॥ যে ভক্তি ৫৫
বাঞ্ছে যোগেশ্বর সব মনে। তোমা হৈতে তাহা পাইবেক যে তে জনে॥ কহিতে অদ্বৈত নিত্যানন্দের মহিমা। আনন্দ আবেশে পাসরি
লেন আপনা॥ অদ্বৈতের শ্লোকে জাত নিত্যানন্দের প্রভাব। এ মর্ম্ম জানয়ে কোন কোন মহাভাগ॥ তবে যে কলহ দেখ অন্যোন্যে বাজে। ৫৬
সে আকুল পরানন্দ যদি জানে বুঝে॥ অদ্বৈতের বাক্য বুঝিবারে শক্তি কার। যাঁর নিত্য ঈশ্বর সঙ্গে বেদনাহি তার॥ হেনমতে দুই প্রভু থাকি ৫৭
মহারঙ্গে। বিহরেন কৃষ্ণকথা আনন্দে প্রসঙ্গে॥ অনেক রহস্য করি অদ্বৈত সহিতে। অশেষ প্রকারে স্তুতি করি প্রীত করি তবে ৫৮
কথো দিনে তথা হৈতে লৈয়া অদ্বৈত সম্মতি। নিত্যানন্দ চলিলেন নবদ্বীপ প্রতি॥ সেইমতে সর্ব্বাগ্রে আইলা আই স্থানে। আসি নমস্কারিলেন আইর
চরণে॥ নিত্যানন্দ স্বরূপেরে দেখি শচী আই। যে আনন্দ পাইলেন তার অন্ত নাহি॥ আই বোলে বাপ তুমি সর্ব্ব অন্তর্যামী। তোমারে দেখিতে চিন্তা
করিয়াছি আমি॥ মোর চিত্ত বুঝি তুমি আইলা সত্বর। কে তোমা চিনিতে পারে পৃথিবী ভিতর॥ কথোদিন থাক বাপ এই নবদ্বীপে। যেন তোমা
দেখোঁ মুঞি পাপী প্রতি দিনে॥ অনিন্দ্যঃ মিত্রে ইচ্ছা তোমারে দেখিতে। দৈবে তুমি আসিয়াছ ক্ষমিত তারিতে॥ শুনি প্রভু আই বাক্য হাসে

নিত্যানন্দ ।। যেখানে আইর প্রভাবের আদি অন্ত ।। নিত্যানন্দ বোলে শুন আই বিশ্বমাতা । তোমারে দেখিতে মুঞি আসিয়াছেঁ এথা ।। মোর ইচ্ছা
তোমা দেখি থাকিম এথায় । রহিলাম নবদ্বীপে তোমার আজ্ঞায় ।। হেনমতে নিত্যানন্দ আই সম্ভাসিয়া । নবদ্বীপে ভ্রমেন আনন্দ যুক্ত হৈ
য়া ।। নবদ্বীপে নিত্যানন্দ প্রতি ঘরে ঘরে । শর্ব্ব পারিশদ সঙ্গে কীর্ত্তন বিহরে ।। নবদ্বীপে আসি মহাপ্রভু নিত্যানন্দ । হইলেন কীর্ত্তন
আনন্দ মূর্ত্তিমন্ত ।। প্রতি ঘরে ঘরে শর্ব্ব পারিশদ সঙ্গে ।। নিরবধি বিহরেন শংকীর্ত্তন রঙ্গে ।। পরম মোহন শংকীর্ত্তন মল্লবে
শ । দেখিয়া শুকৃতি পায় আনন্দ বিশেষ ।। শ্রীমস্তকে শোভে বহুবিধ পট্টবাশ । তদুপরি নানা বর্ণ মালার বিলাশ ।। কণ্ঠে বহু
বিধ মণি মুক্তা স্বর্ণ হার । শ্রুতিমূলে শোভে মুক্তা কাঞ্চন অপার ।। না জানি কতেক মালা শোভে কলেবরে । সুবর্ণের অঙ্গদ বল
য় শোভে করে ।। গোরোচনা তিলক লেপিত শর্ব্ব অঙ্গ । নিরবধি বাল গোপালের প্রায় রঙ্গ ।। সুবর্ণের লৌহ দণ্ড ধরেন লীলায় ।
সুবর্ণ দশ অঙ্গুলি সুরত্ন মুদ্রিকায় ।। শুক্ল নীল পীত পট্ট বহুবিধ বাশ । পরম বিচিত্র পরিধানের বিলাশ ।। বেত্র বংশী জুরি কাছে
বদ্ধে শোভে । যার দরশনমাত্র ভকতের লোভে ।। রজত নূপুর শোভা করে শ্রীচরণে । পরম মধুর রাজগজেন্দ্র গমনে ।। যেদিগে চাহেন
মহাপ্রভু নিত্যানন্দ । সেই দিগে প্রেম রশ হয় মূর্ত্তিমন্ত ।। হেনমতে নিত্যানন্দ পরম কৌতুকে । আছেন চৈতন্য জন্ম ভূমি নবদ্বী
পে ।। নবদ্বীপ যেমত মথুরা রাজধানি । কত কত লোক আছে অন্ত নাহি জানি ।। হেন শব লোক আছে নিত্যানন্দ দেখি । শর্ব্বম
হাপাপ হৈতে মুক্ত হয় পাপী ।। ব্রাহ্মণ ।। তথি মধ্যে কথো জন দস্যুগণ আছে । শর্ব্ব ধর্ম্ম জায় তার ছায়ার পরশে ।। তাহারা ও

নিত্যানন্দ প্রভুর বুঝহ অভিপ্রায়। কৃষ্ণরসে মত্ত হৈলা অতি অমায়ায়॥ আপনে চৈতন্যচন্দ্র লোক কৈল মোচন॥ নিত্যানন্দ দ্বারে উদ্ধারিল ত্রি-
ভুবন॥ চোর দস্যু অধম পতিত নাম যার। নানা মতে নিত্যানন্দ করিল উদ্ধার॥ শুন শুন নিত্যানন্দ প্রভুর আখ্যান। চোর দস্যু
যেন মতে করিল পরিত্রাণ॥ নবদ্বীপে বৈসে এক ব্রাহ্মণকুমার। তাহার সমান চোর দস্যু নাহি আর॥ যত চোর আছে তার মহা সেনা-
পতি। নাম মাত্র ব্রাহ্মণ সে পরম কুমতি॥ পরবধে দয়ামাত্র নাহিক শরীরে। নিরবধি দস্যুগণ সঙ্গেতে বিহরে॥ নিত্যানন্দ
স্বরূপের অঙ্গে অলঙ্কার। সুবর্ণ প্রবাল মুক্তা মণি দিব্য হার॥ প্রভুর শ্রীঅঙ্গে দেখি বহুবিধ ধন। হরিতে হইল দস্যু ব্রাহ্মণে
র মন॥ মায়া করি নিরবধি নিত্যানন্দ সঙ্গে। ভ্রমেন তাঁহার ধন হরিবার রঙ্গে॥ অন্তরে পরম দুষ্ট বিপ্র ভাল নয়। জানিলেন
নিত্যানন্দ অনন্ত হৃদয়॥ হিরণ্য পণ্ডিত নামে এক শুদ্ধ ব্রাহ্মণ। সেহ নবদ্বীপে বৈসে মহা অকিঞ্চন॥ সেই ভাগ্যবন্তের মন্দি-
রে নিত্যানন্দ। থাকেন বিরলে কত লইয়া আনন্দ॥ সেই দুষ্ট ব্রাহ্মণ পরম দুষ্টমতি। লইয়া সকল দস্যু করয়ে যুকতি॥ আরে
ভাই সভে আর কেনে দুঃখ পাই। চণ্ডিমায় নিধি মিলাইল এক ঠাঞি॥ এই অবধূতের গায় যত অলঙ্কার। সুবর্ণ মুক্তা তাহা ছাড়া বহি
নাহি আর॥ কত লক্ষ টাকার পদার্থ নাহি জানি। এক ঠাঞি মিলাইল চণ্ডিমা আনি॥ শূন্য বাড়ি আনে থাকে হিরণ্যের ঘ-
রে। কাটিয়া আনিব এক তিলের ভিতরে॥ চাল খাণ্ডা লইয়া সভে হও সমবায়। আজি গিয়া হানা দিব প্রথম নিশায়॥
এইমত যুক্তি করিলেন দস্যুগণে। সভে নিশা জাগরিক রহিলা গমনে॥ মহাভয়ঙ্কর নিশা চোর দেখ কালে। ৭।

আসিয়া মিলিলা নিত্যানন্দের ভবনে ॥ একস্থানে রহিয়া সকল দেশ্যগনে। আগোচর পাঠাইয়া দিল একজনে ॥ নিত্যানন্দ মহা
প্রভু করেন ভোজন। চতুর্দ্দিগে রহি নাম লয় ভক্তগণ ॥ পরানন্দে মত্ত নিত্যানন্দ ভক্তগন ॥ কেহো করে সিংহনাদ কেহো বা
গর্জ্জন ॥ এক্সগ করয়ে কেহো পরানন্দরসে ॥ কেহো বাহু তুলি কেহো মহা অট্ট হাসে ॥ হৈহৈ হায় হায় বোলে কতজন। কৃষ্ণা
নন্দে নিদ্রা নাহি সভে অচেতন ॥ তবে আসি কহিলেন দেশ্যগন স্থানে। তাকখায় অবধোত যাগে শঙ্কীর্ত্তনে। দেশ্যগন বো
লে সভে সুতুক খাইয়া। আমারাও বসি তার হানা দিব গিয়া ॥ বসিল সকল দেশ্যগন বৃক্ষমুলে। পরধন পাইবে এইকত
হলে ॥ কেহো বোলে আমার সোনার তাড় বালা। কেহো বোলে আমি নিমু মন্ত্রতার মালা ॥ কেহো বোলে আমি নিব কনক অ
ভরণ। হার সব নিমু মুক্তি বোলে কোনা জন ॥ কেহো বোলে আমি নিমু রুপার নুপুর। সভে এইমন কলা খাপেন বধু
র ॥ কেহো বোলে আমি নিমু কন্ঠ অভরণ। হরি সব নিমু আমি বোলে কোনোজন ॥ হেনই সমত্র নিত্যানন্দের ইচ্ছায়। নি
দ্রা ভগবতী আসি চাপিল সভায় ॥ সেইখানে মাত্রা ঘুমাইয়া দেশ্যগন। সভে হইলেন অতি মহা অচেতন ॥ নিদ্রা বসক
ল দেশ্য হইলা মোহিত। রাত্র পোহাইল তত্ত্ব নাহিক সম্বিত। কাক রবে জাগিলেন সব দেশ্যগণ। রাত্রি নাহি দেখি স
ভে হৈলা দুঃখমন ॥ ধাসে রেসে চাল খাড়া ফেলাইয়া বোনে। সত্বরে চলিলা সব দেশ্যগণ স্থানে। সোধে সব দেশ্যগ
ন সভে স্বর গেলা। সভে হেসভারে গালি পাড়িতে লাগিলা ॥ কেহো বোলে তোকি আগে পড়িলি শুতিয়া। কেহো বোলে তুমি

1116

কোন আছিল জানিয়া ॥ দেশ্য সেনাপতি সে ব্রাহ্মণ দুরাচার । সেবোল যে কলহ করহ কেনে আর ॥ যেহেল সেহেল আজি চাণ্ডর
হইয়ায় । একদিন গেলে কিবা কল জন্মজায় ॥ বুঝিলাও চণ্ডি আমি মোহিল আপনে । ব্রিনি চণ্ডি পুজি গেলাঙ তেকারনে ॥
ভাল করি আজি সাজ মদ্য মাংস দিয়া । চল সাথে একঠাঞি চণ্ডি পুজি গিয়া ॥ এতেকে করিয়া যুক্তি পাপী দেশ্যগন ।
মদ্য মাংস দিয়া সাতে করিল পূজন ॥ আরদিন দেশ্য সব কাটি নানা কাচে । আইলেন বিবছান্দে নানা অস্ত্র সাজে । ৫৭

মহানিশা সর্ব্বলোক আছেন শয়নে । হেনই সমএ আসি বেড়িল দেশ্যগনে ॥ বাড়ির নিকট গিয়া দেশ্যগনা দেখে । চতুর্দ্দিগে অ
নেক পাইকে বাড়ি রাখে ॥ চতুর্দ্দিগে অস্ত্রধারি পদাতিক গন । নিরবধি হরিধ্বনী করেন গ্রহণ ॥ পরম প্রকাণ্ড মুর্ত্তি সাতেই ৫৮
প্রচণ্ড । নানা অস্ত্রধারি সভে পরম প্রচণ্ড ॥ সর্ব্ব দেশ্যগন দেখে তার একজন । মত্ত হস্তি ধরিবারে পারে সেইক্ষণ ॥
সভার গলাতে মালা প্রসাদ চন্দন । চতুর্দ্দিগে হরি হরি করেন গ্রহণ ॥ নিত্যানন্দ মহাপ্রভু আছেন শয়নে । চতুর্দ্দিগে কৃষ্ণ ৫৫

গায় সেই সব জনে ॥ দেখি সর্ব্ব দেশ্যগন হইলা বিস্মিত । বাড়ি ছাড়ি সাতে বসিলেন এক ভিত । সর্ব্ব দেশ্যগন যুক্তি নাগি ৫৭
লাক্করিতে । কোথাকার পদাতিক আইল এথাতে ॥ কেহো বোলে অবধুত মনেত জানি এল । কাহার পাইক আনি যাছেত
মাঙ্গিঞা ॥ কেহো বোলে ভাই অবধুত বড় জ্ঞানী । মাঝে মাঝে অনেক লোকের মুখে শুনি ॥ জ্ঞানবান কিবা অব ধোতম
হাসয় । আপনার রক্ষা কিবা আপনে করয় ॥ একার নোদ দেখি সব পদাতিক গন । মনুষ্যের প্রায় তনা দেখি একজন ॥ ॥

হেনবুঝি এইশবশক্তীর কারন॥ গোশাঞি করিয়া তাঁরে বোলে শর্ব্বজন॥ আর কেহো বোলে তুমি অবোধ জে ভাই॥ হেন প্রায় জেন
বেশে কিশোর গোশাঞি॥ শকল দেশের শেনাপতি শক্রা ক্লেন॥ শোবোলয়ে জানিনাও শকল কারণ॥ জতবড় বড়লোক চারিদিগ
হৈতে॥ শাভে আইশেন এবধুতের দেখিতে॥ কোন দিগ হৈতে কোন বিশ্বাষ নস্কর॥ আসিয়াছে তার পতাতিক বহুতর॥ অ
তএব পদাতিক শকল তার কি॥ তোমাশে কারনে করে হরিহরি জপ॥ এরা না হে জদি পদাতিক আনি থাকে॥ তবে কত দিন এ
ডাইর এইপাকে॥ অতএব চল শাভে আজি ঘরে জাই॥ চাপে চুপে দিন দশ বিশ থাকি ভাই॥ এতবলি শর্ব্ব জৈন্যগন গেলা ঘরে॥
নিত্যানন্দ মহাপ্রভু আনন্দে বিহরে॥ নিত্যানন্দ চরন অভয় জেই জন॥ শর্ব্ববিঘ্ন খণ্ডে তার করিলে স্মরণ॥ হেন নিত্যানন্দ প্র
ভু বিহরে আপনে॥ তাহার করিতে বিঘ্ন পারে কোনো জনে॥ শর্ব্ববিঘ্ন খণ্ডে বিঘ্ননাশ জার দাশ॥ জার অংশ কর্ত্তে জগত বিনাশ॥
জার অংশ কলাতে ত্রিভুবন কম্প হয়॥ হেন প্রভু নিত্যানন্দ কারে তার ভয়॥ শর্ব্ব নবদ্বীপে করে স্বছন্দ কীর্ত্তন॥ স্বছন্দ বিহার
করে শায়ণ ভোজন॥ শর্ব্ব অঙ্গে অমুল্য অমুল্য অলঙ্কার॥ জেন দেখি বলদেব নন্দের কুমার॥ কর্পূর তাম্বুল প্রভু করেণ ভক্ষণ॥
হাশিতে হাশিয়া মোহে জগজন মন॥ অতএব পরমানন্দ হৃত্ত গোষ্ঠী শনে॥ আরবার করিছে পানিহাটি গ্রামে॥ আইলেন নিত্যানন্দ
চন্দ্রের শুনলে॥ নিত্যানন্দ মহাপ্রভু আছেন শায়নে॥ দৈবে শেই দিনে মহা মেঘ অন্ধকার॥ মহাঘোর রাত্রি নাহি পথের শঞ্চার॥
মহা ভয়ঙ্কর নিশা চোর দেশ গানে॥ দশ পাঁচ অস্ত্র এক জনের শাজনে॥ প্রবিশ্ট হইলা মধ্য বাড়ির ভিতরে॥ শাভেই হইল অন্ধ

দেখিতে না পারে ।। কিছু নাহি দেখে অন্ধ হৈল দেশ্যগণ । শাভেই স্কলা হৈত প্রায় বুদ্ধি মন ।। কেহো গিয়া পড়ে গড় খাইর ভীতরে । জোঁকে পোঁ-
কে ডাশে তারে কামড়িয়া মারে ।। উচ্ছিষ্ট গর্ত্তেতে গিয়া কেহো পড়ে । তথাও মরয বিছা পোঁকার কামড়ে ।। কেহো কেহো পড়ে গিয়া কাঁটা-
র ভিতরে । পায়ে [illegible] গায়ে কাঁটা ফুটে নড়িতে না পারে ।। শেই খানে কারো কারো গায়ে আইল জ্বর । শর্ব্ব দেশ্যগন দুঃখ পাইল বি-
স্তর ।। হেন ইশ মধ্যে ইন্দ্র পরম কৌতুকী । করিতে লাগিলা মহা ঝড় বৃষ্টি তথি ।। বিশেষে মরয যার মহা বৃষ্টি ঝড়ে । শীলা বৃষ্টি ৫৮
অঙ্গের উপরে যার পড়ে ।। প্রান নাহি জায় ভাশে দুঃখের শাগরে । বিদ্যুতের শব্দে ত্রাশ কম্প কলেবরে ।। হেন লে পড়য়ে এক মহা কা-
নকনা ।। প্রাণে মৈ হয় শাস্ত পাশরে আপনা ।। মহা ঝড়ে দেশ্যগন ভিতে নিরন্তর । মহা শীতে শভার কম্পিত কলেবর ।। অন্ধ ৫৬
হৈয়াছে কেহো না পায় দেখিতে । মরে দেশ্যগন মহা ঝড় বৃষ্টি শীতে ।। নিত্যানন্দ দ্রোহে আশিয়াছে জাতি যা । ক্রোধে ইন্দ্র
বিশেষে মারেন কদর্থিয়া ।। কথো ক্ষনে দেশ্য শেনাপতি শেই ব্রাহ্মণ । অলক্ষীতে ভাগ্যে তার হৈল স্মরণ ।। মনে ভাবে বিপ্র ৫৬
নিত্যানন্দ নর নহে । সর্ব্বেশ্বর তিনোঁ লোকে শর্ব্বে কহে ।। একদিন মোহিলেন শভারে নিদ্রায় । তথাপি না বুঝি কেহো তাহার ৫৮
মায়ায় ।। আরদিন অদ্ভুত পদাতিকা নে । দেখাইলেন তভো মোর নহিল স্মরনে ।। মোগ্য মোর পাপীষ্ঠের এশব দুর্গতি ।
ধরিতে প্রভুর ধন জেন কৈল মতি ।। এবে এশঙ্কটে মোরে কে করিবে পার । নিত্যানন্দ বহি মোর গতি নাহি আর ।। এত ভাবি বিপ্র
নিত্যানন্দের চরণ । চিন্তিয়া একান্ত ভাবে লইল শরণ ।। করুণা শ্রীরাগ ।। ০ ।। রক্ষ রক্ষ নিত্যানন্দ শ্রীবাল গোপাল । ।

রক্ষাকর প্রভু তুমি সর্ব্বলোকপাল ॥ যেজন আছাড় প্রভু পৃথিবিতে খায় । পুন পৃথিবি সে তার হয়ন সহায় ॥ এইমত যে তোমা
তে অপরাধ করে । সেহ তোমা স্মরণেও সর্ব্বপাপ হরে ॥ তুমি সে জীবের ক্ষেম সর্ব্ব অপরাধ । অপরাধ ক্ষেমি পুন করহ প্রসাদ ॥ ত
থাপি জথাপি মুঞি ব্রহ্মহত্যা গোব্রধি । মোর সম প্রভু আর নাহি অপরাধি ॥ সর্ব্ব অপরাধ জদি তোমার স্মরণে । করিতে হই প্রভু তা
র প্রশেষ বন্দনে ॥ জন্মাবধি তুমি সে জীবের রাখ প্রাণ । অন্তে হও প্রভু সেহ তুমি কর পরিত্রাণ ॥ এসঙ্কটে হৈতে প্রভু আজি কর রক্ষা ॥

জদি জিউ তবে প্রভু এই হইল শীক্ষা ॥ জন্মে জন্মে প্রভু তুমি মুঞি তোর দাস । কিবা জিউ কিবা মরোঁ এই মোর আশ ॥ কৃপাময় নিত্যানন্দ চন্দ্র
অবতার । শুনি কবিলেন দেশগনের উদ্ধার ॥ এইমত চিন্তিতে সকল দেশগণ । শুতার হইল দুইচক্ষু বিমোচন ॥ নিত্যানন্দ স্বরূপে
র সেবন প্রভাবে । ঝড় বৃষ্টী আর কারো দেহে নাহি লাগে ॥ ক্ষণেক্ষণে সুস্থ পাই সব দেশগণ । মৃতপ্রায় শুই সব করিলা গমন ॥ সভে
ঘরে গিয়া সেইমতে দেশগণ । গঙ্গাস্নান করিলেন গিয়া সর্ব্বজন ॥ দেশ সেনাপতি বিপ্র কান্দিতে কান্দিতে । নিত্যানন্দ নিকটে

আইলা সেইমতে ॥ বসিয়া আছেন নিত্যানন্দ বিশ্বনাথ । পতিতজনের বন্ধু রিশুভ দৃষ্টীপাত ॥ চতুর্দিগে ভক্তগণ করে হরিধ্বনি ॥
আনন্দে হুঙ্কার করে অবধৌতমণি ॥ সেই মহাদেশ বিপ্র হেন সময় । পাড়িলা বাহু তুলি দণ্ডবৎ হয় ॥ আপাদমস্তক পু
লকীত সর্ব্ব অঙ্গ । নিরবধি অশ্রু ধারা বহে মহাকম্প ॥ হুঙ্কার গর্জ্জন নিরবধি করে প্রেমে । বাহ্য নাহি জানে বিপ্র করয় ক্রন্দনে ॥
নিত্যানন্দ স্বরূপের প্রভাব দেখিয়া । আপনা আপুনি নাচে হর সীত হৈয়া ॥ পাড়িয়া পা নিত্যানন্দ পতীতপাবন । বাহু তুলি এই

মত্তডাকে ঘনে ঘন ॥ দেখি হইলেন সভে পরম বিস্মিত। এমত দেসোর কোনে এমত চরিত ॥ কেহো বোলে মায়া বা করিয়া আসিয়াছে। কোনো
পাক করিয়া বা হানা দেই পাছে ॥ কেহো বোলে নিত্যানন্দ পতীত পাবন। সুনায় ইশ্বর বা ভান কৈল মন ॥ বিপ্রের অনেন্ত প্রেম বিকার
দেখিয়া। জিজ্ঞাসিলা নিত্যানন্দ হরষিত হৈয়া ॥ প্রভু বোলে কহ বিপ্র কি তোমার রিত। বড় তোমার এই অদ্ভুত চরিত। দেখি
লেখু নিলে কিবা কৃষ্ণ অনুভব। কিছু চিন্তা নাই নিশ্চয় কহ সব ॥ শুনিয়া প্রভুর বাক্য সুকৃতি ব্রাহ্মণ। কহিতে না পারে কি ৫২
ছু করয় ক্রন্দন ॥ গড়াগড়ি জায় পড়ি সকল অঙ্গনে। হাসে কান্দে গায় নাচে আপনা আপনে। সুস্থির হইল বিপ্র তবে কত
ক্ষনে। কহিতে লাগিলা সব প্রভু বিদ্যমানে ॥ এই নদীয়ায় প্রভু বসতি আমার। নাম সে ব্রাহ্মণ ব্যাধ চণ্ডাল আচার ॥ নিরন্তর ৫৪
দুষ্ট সঙ্গে করি ডাকা চুরি। পরহিংসা বহি জন্মে আর নাহি করি ॥ আমা দেখি সর্ব্ব নবদ্বীপ কাঁপে ডরে। কিবা পাপ নাহি হয় আমা
র শরীরে ॥ দেখিয়া তোমার অঙ্গে দিব্য অলঙ্কার। তাহা হরিবার চিত্ত হইল আমার ॥ এক দিন সাজি সব পদাতি ক্যাণ। হরি তে ৫৬
আইল প্রভু শ্রী অঙ্গের ধন ॥ সেদিন মোহিলা তুমি নিদ্রায় সভারে। তোমার মায়ায় নাহি জানি নিন তোমারে ॥ আর দিন নানা মতে ৫৮
চণ্ডিকা পুজিয়া। আইলাঙ সভা লঞা ত্রিশুল কাটি লয়া ॥ অদ্ভুত মহিমা দেখিল সেই দিনে। সর্ব্ব বাড়ি বেড়ি আছে পদাতিক গণে।
এক পদাতিক যেন মত্ত হস্তি প্রায়। আজানুলম্বিত মালা সভার গলায় ॥ নিরবধি হরি ধ্বনি সভার বদনে। তুমি আছ গৃহে সেই
আনন্দে শয়নে। এহো পাপে স্থির চিত্ত আমা সভাকার। তভো না জানিনু এই মহিমা তোমার ॥ কার পদাতিক আনিয়াছে কোথা হৈতে।

এতশুনি বিপ্রো দিবশ গোঙাইল শেইমতে। তবে একথো দিন গেল কালি আইলাও। আলিযাও মাত্র দুই চক্ষু পাইলাও॥ বাড়িতে প্রবিষ্ঠ হইল
শর্ব্বদেশ্য গনে। অন্ধ হৈয়া পড়িলাও শাতে নানাস্থানে। কাঁটা জোঁক পোঁক ঝড় বৃষ্টি সীনাপাতে। শাতে মরি কারো শক্তি নাহিক
জীইতে। মহাযম জাতনা করিল উপাতাপ। তবে শেষে শাতার হইল ভক্তিযোগ॥ তোমার কৃপায় পাতে তোমার চরণ। হেন মহাপ্রভু
তুমি পতীত পাবণ॥ আমি শব এড়াইল এতেক জাতনা। তোমার স্মরনের ব্রাএ কোন মহিমা॥ যাহার স্মরনে পাও অবিদ্যা বন্ধন। অ
নায়াশে চলি জায় বৈকুণ্ঠ ভুবন॥ কহিতে ২ কান্দে বিপ্র উর্দ্ধরায়। হেন কৃপা করে প্রভু অবধৌত রায়॥ শুনি প্রভু শাভার হৈল মহান
ন্দান। ব্রাহ্মনের প্রতি পাতে করে পরনাম॥ বিপ্র বোলে প্রভু মুক্তি হইলুঁ বিদায়। এ দেহ রাখিতে আর মোরে না জুয়ায়॥ যেন মো
রাক্ষ হৈল তোমার হিংশায়। শেই মোর প্রাশ্চিত্ত যে মরিমু গঙ্গায়॥ শুনি অতি থাকে তব বিপ্রের বচন। তুষ্ট হইলেন প্রভু শর্ব্ব ভক্তগণ॥
প্রভু বোলে বিপ্র তুমি ভাগ্যবন্ত বড়। জন্ম জন্ম তুমি কৃষ্ণ কর্ম্ম কর দঢ়॥ নহিলে এমত কৃপা করিবেন কেনে। এ প্রকাশ আনেও কি দেখে

ভক্ত বিনে॥ পতিত পাবন হেতু চৈতন্য গোশাঞি। অবতরিয়াছেন ইহাতে অন্য নাঞি॥ শুন বিপ্র যতেক পাতক কৈলি তুঞি। আর
জদি না করিশ শব নিস্তারিমু মুঞি॥ পরহিংশা ডাকা চুরি শব অনাচার। ছাড় গিয়া শব তুমি না করিহ আর॥ ধর্ম্ম পথে গিয়া তুমি
লেহ হরিনাম। তবে তুমি অন্যের করিবে পরিত্রাণ॥ জত চোর দশ্য গন ডাকিয়া আনিঞা। ধর্ম্ম পথে শভারে লয়াও তুমি গি
য়া॥ এত বুলি আপন গলার মালা লৈয়া। ব্রাহ্মনেরে দিলেন আপনে তুষ্ট হৈয়া॥ মহা জয় জয় ধ্বনী হইল তখন। বিপ্রের হইল

1122

হইল সর্ব্ববন্ধ বিমোচন ।। কাকুতি করএ বিপ্র চরণে ধরিয়া । ক্রন্দন করয় বিপ্র ডাকিয়া ডাকিয়া ।। অহে প্রভু নিত্যানন্দ পতিত পাবন ।
আত্মসাৎ করি দেহ চরণে শরণ ।। তোমার হিংসাতে জেন হৈল মোর মতি । মুঞি পাপী পৈর হবে কোন লোকে গতি ।। নিত্যানন্দ
মহাপ্রভু করুণাসাগর । পাদপদ্ম দিলা তার মস্তক উপর ।। চরণারবিন্দ পাই মস্তকে প্রসাদ । ক্ষেমিলেন প্রভু তার সকল অপরাধ ।
সেই বিপ্র দ্বারে যত চোরা দেশ্যগণ । ধর্ম্মপথে সেই লৈলেন চৈতন্য শরণ ।। ডাকা চুরি পর হিংসা ছাড়ি দুরাচার । সভে হইলেন অতি

সাধু ব্যবহার ।। সভেই নায়েন তবে নাম লক্ষ লক্ষ । সকলে হইলা হরিনাম মহাদক্ষ ।। অনন্ত অবতারে কে তোমাতে নাহি পায় ।
নিরবধি নিত্যানন্দ চৈতন্য গুণ গায় ।। যে ব্রাহ্মণে নিত্যানন্দ স্বরূপ না মানে । তাহা বেড়ি যায় সে চোরা দেশ্যগণে ।। যোগেশ্বর
সব বাঞ্ছে যে প্রেম বিকার । যে কম্প যে অশ্রু যে বা পুলক হুঙ্কার ।। চোর ডাকাইত তবে হইল হেন ভক্তি । হেন প্রভু নিত্যা
নন্দ স্বরূপের শক্তি ।। ভজ ভজ ভাই হেন প্রভু নিত্যানন্দ । যাহার প্রসাদে পাই প্রভু গৌরচন্দ্র ।। যে শুনয় নিত্যানন্দ প্রভুর আ

খ্যান । তাহারে মিলিব গৌরচন্দ্র ভগবান ।। দেশ্যগণ মোচন যে চিত্ত দিয়া শুনে । নিত্যানন্দ চৈতন্য দেখিব সেই জনে ।। শ্রীকৃ
ষ্ণ চৈতন্য নিত্যানন্দ চান্দ জান । বৃন্দাবন দাস তছু পদযুগে গান ।। ❀ ।। ❀ ।। ৫ ।। [illegible] ।। [illegible] ।। ❀ ।। ❀ ।।
ভুজিরাগ ।। হেন মতে নিত্যানন্দ স্বরূপ কৌতুকে । বিহরেণ অভয় পরমানন্দ সুখে ।। নিজানন্দে সকল পারিষদ গণ মেলি । কভু
হেথা হেথা করে পানিহাটি কেলি ।। আনা চোর ডালা বড়া ছিয়া দোগাছিয়া ।। গঙ্গার উপারে কতো জায়ণ ফলিয়া ।। বিশেষ সুকৃতি বড়

1123

দোগাছিয়াগ্রাম। নিত্যানন্দ স্বরূপের বিহারের স্থান ॥ নিত্যানন্দ স্বরূপের পারিশদগণ। নিরবধি শভেই পরমানন্দ মন ॥ কারো কোনো
কর্ম্ম নাহি শংকীর্ত্তন বিনে। শভার গোপালভাব ব্রাচে অবক্ষনে ॥ বেত্র বংশী শিঙ্গা ছাদ দড়ি গুঞ্জাহার ॥ তাড়খাড়ু গায়ে পায়ে নুপুর
শভার ॥ নিরবধি শভার শরীরে কৃষ্ণভাব। অশ্রুকম্পা পুলক শকল অনুরাগ ॥ শভেঙ্কুন্দ যায়ে যে গণ থাকিলেক মদ্য(?)। নিরবধি
ভেইকারো শংকীর্ত্তন ॥ পাইয়া অভয় স্বামি প্রভু নিত্যানন্দ। নিরবধি কৌতুকে তত্ত্বহৃন্দ(?) ॥ নিত্যানন্দ স্বরূপের দাশের মহিমা।
শতবর্ষ যদি বলি তভো নাহি শীমা ॥ তথাপিহ নাম কহি জানি জার জার। কথামাত্র শ্রবনে তরিয়ে জাশভার ॥ জারশঙ্গে নিত্যা
নন্দ প্রভুর বিহার। শভেনন্দ গোষ্ঠী গোপগোপীঅবতার ॥ নিত্যানন্দ স্বরূপের নিশেধ না গিয়া। শর্ব্বনাম নাহি জিন ব্রিদি(?)
তক্ষরিয়া ॥ পরম পারিশদ রামদাশ মহাশয়। নীরন্তর ঈশ্বর ভাবে তেকথা কয় ॥ যার বাক্য রাষ্ট কেহো না পারে বুঝিতে। নি
রবধি নিত্যানন্দ যার হৃদয়েতে। শভার অধিক তার গুরু রামদাশ। তানদেহে শ্রীকৃষ্ণ আছিলা তিনমাশ ॥ শ্রীদাম করিয়া
জারে ভাগবতে গায়। রামদাশ শেই তার জানিহ নিশ্চয় ॥ প্রশিদ্ধ চৈতন্য দাশ মুরারি পণ্ডিত। জার খেলা মহাশর্প ব্যাঘ্রের শ
হিত ॥ রঘুনাথ বৈদ্য উপাধ্যায় মহামতি। হইলেন আর্দ্দিনন্ত(?) রেবেশ রেবতি ॥ প্রেমভক্তি রশময় গদাধর দাশ। যার দরশনমা
ত্র শর্ব্ব পাপনাশ ॥ প্রেমের শমুদ্র শ্রীশুন্দরানন্দ নাম। নিত্যানন্দ স্বরূপের প্রানের শমান ॥ পণ্ডিত পরমানন্দ পরম উত্তম।
যাহারে দিলেন নিত্যানন্দ শঙ্গুধাম(?) ॥ গৌরিদাশ পণ্ডিত পরম ভাগ্যবান। কায়মনবাক্যে নিত্যানন্দ ধন প্রান ॥ পণ্ডিত পুরুষোত্তম

1124

নবদ্বীপেজন্ম। নিত্যানন্দস্বরূপের মহাভৃত্যেমর্ম্ম॥ পূর্ব্বেয়ারঘরে নিত্যানন্দেরবসতি। যাহারস্মরনেহয় নিত্যানন্দেরতি। রাঢ়েজন্ম
মহাশয় বিপ্রকৃষ্ণদাস। নিত্যানন্দ পারিষদ যাহার বিলাস॥ পুরন্দর পণ্ডিত পরম শান্ত দান্ত॥ নিত্যানন্দস্বরূপের স্কন্দঅএকান্ত॥
নিত্যানন্দ জীবণ পরমেশ্বর দাস। যারদেহে নিত্যানন্দচন্দ্রের বিলাস॥ প্রসিদ্ধকালিয়াকৃষ্ণ দাস ত্রিভুবনে। গৌরচন্দ্রলভ্যহয়
জাহারস্মরনে। শার্দীশীবিকবিরাজমহা ভাগবান। জার পুত্রশ্রীপুরুষোত্তমদাশনাম॥ বাহ্যনাহিপুরুষোত্তমদাশেরশরী

৬১

রে। নিত্যানন্দচন্দ্র জারহৃদয়ে বিহরে॥ উদ্ধারন দত্ত মহাবৈষ্ণবউদার। নিত্যানন্দসেবায় জাহার অধিকার॥ মহেশপণ্ডিতব্রজ
দিপরমমহান্ত। পরমানন্দ উপাধ্যায় বৈষ্ণব একান্ত॥ চতুর্ভুজ পণ্ডিতনন্দন গঙ্গাদাশ। পূর্ব্বেজার ঘরে নিত্যানন্দের বিলাশ॥ ওঝা
চর্য্যে বৈষ্ণবানন্দ পরমউদার। পূর্ব্বেরঘুনাথ পুরী খ্যাতিনামজার॥ প্রসিদ্ধ পরমানন্দ গোপ্তমহাশয়। পূর্ব্বেজার ঘরে নিত্যান

৫৭

ন্দের আলয়॥ বড়গাছির নিবাসী শুক্লতিকৃষ্ণদাস। যাহার মন্দিরে নিত্যানন্দের বিলাস॥ ধনঞ্জয় পণ্ডিত মহান্ত বিলক্ষন। যা

৫৯

হারশরীরে নিত্যানন্দ অনুক্ষণ॥ প্রেমরশে মহামত্তবনরামদাশ। জাহার প্রসাদে সর্ব্বপাপজায়নাশ॥ জহনাখ্যকবিচন্দ্রপ্রেম

৬১

রশময়। নিরন্তর যিনিত্যানন্দ জাহার হৃদয়॥ জাদীনাপণ্ডিত পরম জ্যোতির্ধাম। শপার্ষদেজার নিত্যানন্দ ধনপ্রান॥ কৃষ্ণদাস
দেবানন্দ অতিশুদ্ধমতি। মহান্ত আচার্য্য নিত্যানন্দচন্দ্রেরতি॥ গায়নমাধবানন্দ ঘোষামহাশয়। বাসুদেবঘোষাঅতিপ্রে
মরশময়॥ মহাভাগবত জীব পণ্ডিত উদার। পূর্ব্বেজারঘরে নিত্যানন্দের বিহার॥ নিত্যানন্দপ্রিয় মনোহর নারায়ণ।

গ্রন্থ ৮

কৃষ্ণদাশ দেবানন্দ এই চারিজন ॥ জত ভৃত্য নিত্যানন্দ চন্দ্রের শহিত। শতবর্ষে তাহা না পারিব লিখিতে ॥ শহস্র ২ একলেখকের
গন। নিত্যানন্দ কৃপা ও তাহারা গুণধাম ॥ শ্রীচৈতন্য বংশ যাতে পরম উদ্দাম। শতার শ্রীচৈতন্য নিত্যানন্দ ধন প্রাণ ॥ কিছু মাত্র
আমি লিখি নামজানিবারে। শকল বিদিত হবে বেদব্যাশদ্বারে ॥ শর্ব্বশেষ ভৃত্য তার বৃন্দাবনদাশ। অবশেষ পাত্র নারায়নি গর্ভ
জাত। অদ্যাপিহ বৈষ্ণব মণ্ডলে জার ধ্বনি। চৈতন্য অবশেষ পাত্র নাম নারায়নি ॥ শ্রীকৃষ্ণচৈতন্য নিত্যানন্দ পহু জান। বৃন্দা
বনদাশ তছু পদযুগে গান ॥ ❀ ॥ ❀ ॥ ৬৭ ॥ ~~~ ॥ ~~~ ॥ ❀ ॥ ❀ ॥ ললিতরাগ ॥ বৃন্দাবন মাঝে জেন করিলেন লিলা।
শেইমত নিত্যানন্দ শ্বরূপের খেলা ॥ অক্রোধ স্বরূপে শর্ব্ব জগতের প্রীতি। নবদ্বীপে জেন শ্রীচৈতন্য চন্দ্রের রতিমতি ॥ শান্দিপাবিশ
দশর পরম উদ্দাম। নবদ্বীপে ভ্রমেন পরম জ্যোতির্দ্ধাম ॥ অলঙ্কার মালায়ে পূর্ন্নিত কলেবর। শ্রীধরে তাম্বুল শোতে অতিম
নোহর ॥ দেখি নিত্যানন্দ মহাপ্রভুর বিলাশ। কেহো শুখ পায় কারো নাজন্মে বিশ্বাশ ॥ শেইনবদ্বীপে এক আছয়ে ব্রাহ্মণ।
চৈতন্যের শাথে পূর্ব্বে তার অধ্যাপন ॥ নিত্যানন্দ শ্বরূপের দেখিয়া বিলাশ। কেহো শুখ পায় কারো নজন্মে বিশ্বাশ ॥ চৈত
ন্য চরনে তার শুদৃঢ় ভকতি। নিত্যানন্দ শ্বরূপের না জানেন শক্তি ॥ দৈবে শেই ব্রাহ্মণ গেলেন নীলাচলে। তথাই আছেন কথো
দিন প্রভু স্থলে ॥ প্রতিদিন জায় বিপ্র চৈতন্যের স্থানে। পরম বিশ্বাশ তার প্রভুর চরনে ॥ দৈবে একদিন শেই ব্রাহ্মণ নৃতি
তে। চিন্তে হইশা করিলেন তাহারে জিজ্ঞাশীতে ॥ বিপ্র বোলে প্রভু মোর এক নিবেদন। আছে [illegible] তাহা কহোঁ যদি শোনি

কাদেহমন। নবদ্বীপে গিয়া নিত্যানন্দ অবধূত। কিছুত না বুঝাঁ আমি কি করেন কিরূপ॥ সন্ন্যাস আশ্রম তার বোলে সর্ব্বজনা। কি
সের তাম্বুল ভোজন করে অনুক্ষণ॥ ধাতুদ্রব্য পরশিতে নাহি সন্ন্যাসীরে। সোনা রূপা মুক্তা দেখি কেন কলেবরে। কটি
তে কোপীন ছাড়ি দিব্য পট্টবাস। ধরেন চন্দন মালা বিবিধ বিলাস॥ দণ্ড ছাড়ি লৌহদণ্ড ধরেন বা কেনে। শূদ্রের আশ্রমে সে থাকা
কেন সর্ব্বক্ষণে। শাস্ত্রমত মুঞি তান না দেখো আচার। এতেকে মোহোর চিত্তে সন্দেহ অপার। বড়লোক বুলি তানে বোলে ৬২
সর্ব্বজনে। কি মর্ম্ম ইহার প্রভু কহ শ্রীবদনে॥ শুনি বিপ্রবাক্য প্রসন্ন হৈল শুভক্ষণে। অমায়ায় প্রভু তবে কহেন তাহানে॥
শুন বিপ্র যদি মহা অধিকারি হয়। তবে তার দোষগুণ কিছু না জন্ময়॥ তথাহি॥ নময্যেকান্তভক্তানাং গুণদোষোদ্ভ
বাগুনা। সাধুনাং সমচিত্তানাং বুদ্ধে পরম পেয়ুষাং॥ পদ্মপত্রে যেন কভু নাহি লাগে জল। এইমত নিত্যানন্দ স্বরূপনি
র্ম্মলে। অধিকারি নক্করে তাহার আচার। দুঃখ পায় সেইজন পাপ জন্মে তার। পরমার্থে নিত্যানন্দ দেহে কৃষ্ণচন্দ্র। ৬০
করেও বিহার তারে সদাই আনন্দ॥ রুদ্র বিনে অন্যে যদি করে বিষপান। সর্ব্বথা মরয়ে সর্ব্বপুরাণ প্রমান॥ তথাহি॥ ধর্ম্মব্য ৬২
তিক্রম দৃষ্টো ঈশ্বরানাঞ্চ সাহসং। তেজীয়সাং ন দোষায় বহ্নেঃ সর্ব্বভুজো যথা॥ নৈতৎ সমাচরেজ্জাতু মনসাপি হ্যন
ীশ্বর। বিনশ্যত্যাচরন মৌঢ্যাৎ যথাকদ্রো ব্ধিজং বিষং॥ এত না জানিয়া নিন্দা করে তার কর্ম্ম। নিজ দোষে সেই দুঃখ
পায় জন্ম জন্ম। গ রি হিং করে যদি মহা অধিকারি। নিন্দার কি দায় তারে হাসিলেই মরি। ভাগবতে হেতে সে এসব তত্ত্ব জানি।

তাহোয়াদি বৈষ্ণব গুরু কৃষ্ণ পেশুনি ।। মহান্তের আচরনে হাসিলে জেহয় । চিত্ত দিয়া শুন ভাগবতের এই কথা ।। এককালে রামকৃষ্ণ গেলেন
পড়িতে । বিদ্যা পূর্ণ করি চিত্ত করিল আসিতে । কি দক্ষিনা দিব বলিলেন গুরু প্রতি । তবে পত্নী সহ গুরু করিল যুগতি ।। মৃতপুত্র
মাঙ্গিলেন রামকৃষ্ণ স্থানে । তবে রামকৃষ্ণ গেলা শ্রী যমসদনে ।। আজ্ঞায় ঈশ্বর সর্ব্বকর্ম খুচাইয়া । জমালয় হৈতে পুত্র দি
লেন আনিয়া ।। পরম আশ্চর্য্য শুনি এসব আখ্যান । দেবকী মাঙ্গিল মৃত ছয় পুত্র দান ।। দেবকী দিন রামকৃষ্ণ স্থানে সেথা গিয়া ।
কহেন দেবকী অতি কাতর হইয়া ।। শুন শুন রামকৃষ্ণ যোগেশ্বরেশ্বর । ও সিদ্ধ ই আদি নিত্য শুদ্ধ কলেবর ।। সর্ব্ব জগতের পী
তা ও সিদ্ধ ই জন । আমি জানি ও সিদ্ধ ই পরম কারণ ।। জগতের উৎপত্তি স্থিতি পরলয় । জাহার অংশের অংশ হৈতে সব হয় ।।
তথাপিও পৃথিবীর ভার ঘুচাইতে ভার [?] । হইয়াছ মোর পুত্র রূপ অবতার ।। যমপুর হৈতে জে গুরুর নন্দন । আনি এসে দক্ষিনা
দিলে ও সিদ্ধ ই জন ।। মোর ছয় পুত্র যে মরিল কংস হৈতে । বড় চিত্ত মোর তাহা সভারে দেখিতে । কতকাল গুরু পুত্র আছিল মরে
য়া ।। তাহা যে আনিল নিজ শক্তি প্রকাশিয়া ।। এইমত আমার করহ পূর্ণ কাম । আনি দেহ মোর ছয় মৃত পুত্রদান ।। শুনি জননীর
বাক্য কৃষ্ণ সংকর্ষণ । সেইক্ষনে চলিলেন বলির সদন ।। নিজ ইষ্ট দেব দেখি বলি মহারাজ । মগ্ন হইলেন বলি সেন সিন্ধু মাঝ ।।
গৃহ পুত্র দেহ বিত্ত সকল বান্ধব । সেইক্ষনে পাদপদ্মে আনি দিল সব ।। রোমহর্ষ অশ্রুপাত পরম আনন্দে । স্তুতি করে পাদ
পদ্ম ধরি বলি কান্দে ।। জয় জয় কৃষ্ণচন্দ্র গোবিন্দ [?] গুণধাম [?] । জয় জয় অনন্ত সংকর্ষণ ।। জয় সাংখ্য যোগাচার্য্য হলধর

1128

নাম।। জয় জয় কৃষ্ণ ভক্তিধন মনপ্রাণ।। যদ্যপিও শুকশাদে দেবর্ষী গাণ। তাহা তার দুর্লভ তোমার দরশন।। তথাপিহ হেন প্রভু
কারুন্য তোমার। অমঙ্গেন অসুরের হও সাক্ষাৎকার।। অতএব শত্রু মিত্র নাহিক তোমাতে। দেবর্ষি কহেন ইহা দেখি নম সাক্ষা
তে।। মারিতে যে আইল তোমা লইয়া বিশস্তন। তাহারেও পাঠাইলে বৈকুণ্ঠভুবন।। অতএব তোমার হৃদয় বুঝিবারে।
বেদশাস্ত্রে যোগেশ্বরে কেহ না হি পারে।। যোগেশ্বর ঈশ্বর যার মায়া নাহি জানে। অক্রূর পাপী অসুর বা জানিব কেমনে।। ৬৬

শ্রীকৃষ্ণ শঙ্কর মোরে শব্দ লোকনাথ। গৃহ অন্ধকূপে মোর নাহে আনে নাথ।। তোমার দুই পাদপদ্ম হৃদয়ে ধরিয়া। শান্ত
হয়ে বৃক্ষমূলে পড়ি থাকো গিয়া।। তোমার দাসের দাসে মোরে কর দাস। আর যেন চিত্তে মোর কভু নাহে আশ।। রামকৃষ্ণ পা ৬৭
দপদ্ম ধরিয়া হৃদয়। এইমতে স্তুতি করে মুনি মহাশয়।। কৃষ্ণ লোকশীলা লোক দেখে নোদকে। পরি একটি তত্ত্ব ভাগী
রথীকোলে।। হেন পুনি জগৎ বলি গোষ্ঠীর সহিতে। পানকরে শীর ধরি ভাগ্যোদয় হৈতে।। গন্ধপুষ্প ধূপ দীপ বস্ত্র অলঙ্কা ৬৮

র।। পাদপদ্মে দিয়া বলি করে নমস্কার।। আজ্ঞা কর প্রভু মোরে কিবা আর আপনে। যদি মোর হৃদয়ে কিছু জ্ঞান থাকে মনে।। ৬৯
সেক রাখ প্রভু আজ্ঞা পালন তোমার। শেষ জন হয় বুঝি নিশেষের পার।। শুনিয়া বলির বাক্য প্রভু তুষ্ট হৈলা। যে নিমি
ত্তে আগমন কহিতে লাগিলা।। প্রভু বোলে শুন শুন বলি মহাশয়। যে নিমিত্ত আইলাঙ তোমার আলয়।। আমার মায়ের
ছয় পুত্র পাপী কংসে। মারিলেক সেই পাপে মরি গেল শেষে।। নিরবধি বিলাপ এ শোক মোর চিত্তে। কান্দে দেবকী

অতিদুঃখীত হইয়া ।। তোমার নিকটে আছে সেই ছয়জন । তাহানির জননীর শান্তোষের কারণ ।। সেসব ব্রহ্মার পুত্র সিদ্ধ দেব
গণ । তাসভার এত দুঃখ শুননয়ে কারণ ।। প্রজাপতি মরিচিয়ে ব্রহ্মার নন্দন । স্বর্ব্বতার পুত্র ছিলা সেই ছয়জন ।। দেবে ব্রহ্মা
কামশরে হইয়া মোহিত । লজ্জা ছাড়ি কন্যা স্তুতি করিলেন চিত ।। তাহা দেখি হাসিলেন এই ছয়জন । সেই দোষে অধঃপাত
হৈলা সেই ক্ষণ ।। মহান্তের কায়েতে করিয়া উপহাস । অধঃর যোনিতে নইলেন গর্ভবাস ।। হিরন্যকসিপু জাতের জোই
কার । দেবযোনী ছাড়ি যা জন্মিলা তার ঘরে ।। তথাও ইন্দ্রের বজ্রাঘাতে ছয়জন । নানা দুঃখ যাতনায়ে হাইল মরণ ।। ত
বে যোগমায়া হরি আনি বার বার । দেবকীর গর্ভে স্থানি করিল শঙ্কার ।। ব্রহ্মারে দেখে হাসিলেন সেই পাপ হেতে । সেই হেতু
সে দুঃখ পাইলেন নানা মতে ।। জন্ম হেতু অশেষ প্রকার যাতনায় । ভাগিনা মারিল তথাপি সেই কংস রায় ।। দেবকী এসব
পুত্র রহস্য না জানি । আপনার পুত্র বলি তাস ভারে গনি ।। সেই সব পুত্রদির জননীরে দান । এই কার্য্যে লাগি মা আইনাউ
তোমা স্থান ।। দেবকীর স্তনপানে সেই ছয়জন । পাঁপ হইতে মুক্ত হইবেক সেইক্ষণ ।। সিদ্ধসব পাইলেন এতেক যাতনা ।
অসিদ্ধ জনের দুঃখ কে কহিবে সীমা ।। যে দুরন্ত তিজন বৈষ্ণবের নিন্দা করে । জন্মে জন্মে নিরবধি সেই দুঃখ পায় রে ।। শুন
বলি এই শিক্ষা করাই তোমারে । কভু জানি নিন্দা পরিহাস কর বৈষ্ণবেরে ।। মোর নাম মোর নাম গ্রহণ যে করে । মোর ভক্ত
নিন্দয় দিতারে বিঘ্ন ধরে ।। মোর ভক্ত প্রতি ভক্তি প্রেম করে যে । নিঃসংশয় নিঃসংশয় মোরে পায় সে ।। তথাহি ।। ০।।

1130

ব্রহ্মপুরাণে। সিদ্ধির্ব্বতি বা নেতি সংশয় হচ্যুতসেবিনাং। নিসংশয়স্তু তদ্ভক্ত পরিচর্য্যারতাত্মনাং॥ মোর ভক্ত না পূজে
মোহোরে পূজে মাত্র। সে দাম্ভিক কভু নহে প্রসাদের পাত্র॥ তথাহি পদ্মপুরাণে। অর্চ্চয়িত্বা তু গোবিন্দং তদীয়ান্নার্চ্চয়ন্তি
যঃ। ন তে বিষ্ণু প্রসাদস্য ভাজনং দাম্ভিকাজনাঃ॥ তুমি বলি মোর প্রিয় লোক সর্ব্বথা। অতএব তোমারে কহিল গোপ্য
কথা॥ শুনি প্রভু তত্ত্ববাক্য বলি মহাশয়। অনন্ত আনন্দ মুক্ত হইলা হৃদয়॥ সেইক্ষণে ছয় পুত্র আজ্ঞা শীরে ধরি। ৬৪
মাতা আগে দিলেন আনি যত্ন স্বীকার করি॥ তবে রাম কৃষ্ণ অগ্রে দেখে ছয় জন। জননীরে আনিয়া দিলেন সেইক্ষণ॥ মৃতপু
ত্র দেখিয়া দেবকী সেইক্ষণে। স্নেহে স্তন দিলেন সাতারে ততক্ষণে॥ ঈশ্বরের অবশেষ স্তন করি পান। সেইক্ষণে সভা ৬২
র জন্মিল দিব্যজ্ঞান॥ দণ্ডবৎ করি সাতে কৃষ্ণ রামের চরণে। পড়িলেন সাক্ষাতে দেখে সর্ব্বজনে॥ তবে প্রভু কৃপাদৃষ্টে সভা
রে চাহিয়া। বলিতে লাগিলা প্রভু সদয় হইয়া॥ চল চল দেবগণ চল নিজবাস। মহান্তেরে পাছে আর কর উপহাস॥ ঈশ্ব ৬২
রের শক্তি ব্রহ্মা ঈশ্বর সমান। মন্দ কর্ম্ম করিলেহ মঙ্গল হেতান॥ তাহারে হাসিয়া পাইলে এতেক যাতনা। কেন বু হিনা হে ৬৪
আর কর হেন কামনা॥ ব্রহ্মার স্থানে গিয়া মাগিলেহ অপরাধ। তবে সে ভচিত্তে পুন পাইবে প্রসাদ॥ ঈশ্বরের আজ্ঞা শুনি
সেই ছয় জন। পরম আদরে ব্রহ্মার বিদায় হইল॥ পিতা মাতা রাম কৃষ্ণ পায় নমস্করি। পরম আনন্দে তারা গেলা নিজ
পুরী॥ কহিলাঙ এই বিপ্র ভাগবত কথা। নিত্যানন্দ প্রতি দ্বিধা ছাড়িহ সর্ব্বথা॥ নিত্যানন্দ স্বরূপ পরম অধিকারী।

চৈঃ ৭

অল্পভাগ্যেতাহারেজানিতেনাহিপারি ।।অলৌকিকচেষ্টাযারবেদেনিয়াজতান ।তাহাতেওআদরকরিলেপায়এান ।। তানঅনাচারবিধি
নিষেধেরপার ।তাহানেজানিতেশক্তিআছয়েকাহার ।।নাবুঝিয়েনিন্দেতানচরিত্রঅগাধ ।পাইয়াওবিষ্ণুভক্তিতানহয়বাদ ।।চল
বিপ্রশীঘ্রতুমিনবদ্বীপেযাহ ।এইকথাগিয়াতুমিশচীরেবুঝাহ ।।পাছেতানকেহোকিছুকোনকোপেনিন্দাকরে ।তবেআরতা
রেরক্ষানাহিয়মঘরে ।। যেতাহানপ্রীতিকরেসেকরেআমারে ।শাস্ত্রেশাস্ত্রেশয়েবিপ্রকহিলতোমারে ।। মদিরাযবনীযদিনিত্যা
নন্দধরে ।তথাপিব্রহ্মারবন্দ্যগৌরচন্দ্রবলে ।। অথশ্লোক ।। শ্রীচৈতন্যচন্দ্রোক্তিঃ ।।গৃহ্নীয়াদ্যবনীপাণিং বিশেদ্বাশৌণ্ডিকা
লয়ে ।তথাপিব্রহ্মণোবন্দ্যোনিত্যানন্দপাদাম্বুজং ।।শুনিএইপ্রভুরআজ্ঞাসেইশ্লোক ।। পরমআনন্দযুক্তহইলেন
মনে ।। নিত্যানন্দপ্রতিবড়জন্মিলবিশ্বাস ।তবেবিপ্রআইলেননবদ্বীপেবাস ।। সর্বাগ্রেআইলানিত্যানন্দেরসমীপে ।দণ্ড
বৎনতিস্তুতিকৈলাভক্তিরূপে ।।থাকিতেবাইক্ষহিলেননিজঅপরাধ ।প্রভুওক্ষমিয়াতানেকরিলাপ্রসাদ ।।হেননিত্যানন্দস্ব
রূপেরব্যবহার ।।বেদগুহ্যলোকবাহ্যযাহারআচার ।।পরমার্থেনিত্যানন্দপরমযোগেন্দ্র ।যারেকহিআদিদেবধরণীধ
রেন্দ্র ।।সহস্রবদনঅনন্তযেনবক্ষকলেবর ।চৈতন্যেরকৃপাবিনেজানিতেদুষ্কর ।।কেহোবোলেনিত্যানন্দযেনবলরাম ।কেহো
বোলেচৈতন্যেরবড়প্রিয়ধাম ।।কেহোবোলেমহাতেজীযংশঅধিকারী ।কেহোবোলেকোনরূপবুঝিতেনাপারি ।।কিবা
জীবনিত্যানন্দকিবাভক্তজ্ঞানী ।যারযেনমতইচ্ছানাবোলয়েকেনি ।। যেমোদোরপ্রভুজন্মজন্মআমিদাস ।শতার

1132

রে লোমোর এই অভিলাষ ॥ এত পরিহারেও যে পাপী নিন্দা করে। তবে লাথি মারোঁ শীরের উপরে ॥ হেন দিন হৈব কী চৈতন্য নিত্যা-
নন্দ। দেখিব বেষ্টিত চতুর্দিগে ভক্তবৃন্দ ॥ জয় জয় জয় মহাপ্রভু গৌরচন্দ্র। দিলাও নীলাও তুমি প্রভু নিত্যানন্দ ॥ তথাপি
স্বরূপ কৃপা কর গৌর হরি। নিত্যানন্দ সঙ্গে যেন তোমা না পাশরি ॥ যথায় যথায় তুমি দুই কর অবতার। তথায় তথায় দাস্যে মো-
রে হউ অধিকার ॥ শ্রী চৈতন্য নিত্যানন্দ চান্দ পহুঁ জান। বৃন্দাবন দাস তছু পদযুগে গান ॥ ❀ ॥ ❀ ॥ ৭ ॥ ❀ ॥ ৭ ॥ ৬৫

মঙ্গল ॥ জয় জয় শ্রী বৈকুণ্ঠ নাথ গৌরচন্দ্র। জয় জয় শ্রী প্রেম বিগ্রহ নিত্যানন্দ ॥ জয় জয় শ্রী অদ্বৈত শ্রীবাস প্রীয় ধাম।
জয় গদাধর শ্রী জগদানন্দ প্রাণ ॥ জয় বক্রেশ্বর পরমানন্দ পুরীর জীবন ॥ জয় দামোদর স্বরূপের প্রাণ ধন ॥ জয় পুণ্ডরিক বিদ্যা- ৬৩
নিধি মনোহর। জয় ভাব বক্তা জয় শ্রী বক্রেশ্বর ॥ জয় জয় দ্বারপাল গোবিন্দের নাথ। জীব প্রতি কর গৌর প্রভু শুভ দৃষ্টিপাত ॥
হেন মতে নিত্যানন্দ নবদ্বীপ পুরে। বিহরেণ প্রেমভক্তি আনন্দ সাগরে ॥ নিরবধি ভক্ত সঙ্গে করেণ কীর্তন। কৃষ্ণ কথা মত্ত হৈল সর্ব- ৬৩
বজীবন ॥ গোপ শিশু গণ সঙ্গে প্রতি ঘরে ঘরে। যেন ক্রীড়া করিলেন গোকুল নগরে ॥ নিরবধি গোপনের আনন্দ প্রকাশী। কীর্তন ক- ৬৫
রেন নিত্যানন্দ সুবিলাসী ॥ ইচ্ছাময় নিত্যানন্দ চন্দ্র ভগবান। গৌরচন্দ্র দেখিতে হইল ইচ্ছা তান ॥ আই স্থানে করিলেন সন্তোষে
বিদায়। নীলাচলে চলিলেন চৈতন্য ইচ্ছায় ॥ পরম বিহ্বল পারিষদ গণ সঙ্গে। আইলেন শ্রী চৈতন্য নাম গুণ রঙ্গে ॥ হুঙ্কার গর্জন
হয় আনন্দ ক্রন্দন। চতুর্দিগে করে সব পারিষদগণ ॥ এই মত সর্ব পথে প্রেমানন্দ রসে। আইলেন নীলাচলে কথো কদীবসে ॥

অন্ত্য ৯

1133

কমলপ্রেতআসিয়প্রশাদদেখিয়া ।। পড়িলেননিত্যানন্দমুর্চ্ছিতহইয়া ।। নিরবধিনয়নেরবহেপ্রেমধার । শ্রীকৃষ্ণচৈতন্যবলিকেবোলেহু
ঙ্কার ।। আসিয়ারহিলাএকপুষ্পের উদ্যানে ।। কেবুকে তাহার ইচ্ছা গৌরচন্দ্র বিনে ।। নিত্যানন্দ বিজয় জানিঞা গৌরচন্দ্র । একেশ্বর
আইলেনছাড়ি ভক্তবৃন্দ ।। যেইনানন্দে যেখানে আছয় নিত্যানন্দ । সেইখানে বিজয় হইলা গৌরচন্দ্র ।। প্রভু আসি দেখে নিত্যানন্দ ধ্যা
নপর । প্রদক্ষিণকরিতে লাগিলা বহুতর ।। শ্লোকবন্ধে নিত্যানন্দ মহিমা বর্ণিয়া । দণ্ডবৎ করে বহু প্রেমপূর্ণ হৈয়া ।। শ্রীমুখের শ্লো

ক শুন নিত্যানন্দ স্তুতি ।। যে শ্লোক শুনিলে হয় নিত্যানন্দে রতি ।। অথ শ্রীচৈতন্যচন্দ্রস্য শ্লোক ।। গৃহ্নীয়াদ্যবনীপাণিং বিশেশ শৌণ্ডি
কালয়ং । তথাপি ব্রহ্মণো বন্দ্যো নিত্যানন্দপদাম্বুজঃ ।। মদিরা যবনী যদি ধরে নিত্যানন্দ । তথাপি ব্রহ্মার বন্দ্য বোলে গৌ
রচন্দ্র ।। এই শ্লোক পড়ি প্রভু প্রেমবৃষ্টি করি । নিত্যানন্দ প্রদক্ষিণ করে গৌরহরি ।। নিত্যানন্দস্বরূপ জানিলা সেইক্ষণে । উঠিলেন
হরিবুলি পরমসম্ভ্রমে ।। দেখি নিত্যানন্দ গৌরচন্দ্রের বদন । যে আনন্দ হইল তাহা না জায় বর্ণন ।। হরিবুলি সিংহনাদ লাগিলা

করিতে । প্রেমানন্দে আছাড় পড়েন পৃথিবীতে ।। দুইজন প্রদক্ষিণ করেন দোঁহারে । দোঁহার দুই জোড় হস্ত দোঁহে স্তুতি করে ।। ক্ষণে দুই
জনে করে প্রেম আলিঙ্গন ।। ক্ষণে গলা ধরি কান্দে আনন্দে ক্রন্দন ।। পরম আনন্দে গড়ি জায় দুইজন । মহামত্ত সিংহ জিনি দোঁহার গ
র্জ্জন ।। কি অদ্ভুত প্রীত সে করেন দুইজনে । পূর্বে যেন শুনিয়াছি শ্রীরাম লক্ষ্মণে ।। দুইজনে শ্লোক পড়ি বন্দেন দোঁহারে । দো
হারে দোঁহে জোড় হস্তে নমস্কারে ।। অশ্রু কম্প হাস্য মূর্চ্ছা পুলক বৈবর্ণ্য । বিষ্ণুভক্তি বিকারের জত আছে মর্ম ।। ইহার [illegible]
বিগ্রহে অনন্তাদি ।

শ্রীবক্রেশ্বর রায়েন চৈতন্য গোসাঞি ৷৷ কি অদ্ভুত প্রেমসুখ হইল প্রকাশ ৷ নয়ন ভরিয়া দেখে যে একান্ত দাস ৷৷ তবে কত ক্ষণে প্রভু জোড়
হস্ত করি ৷৷ নিত্যানন্দ প্রতি স্তুতি করে গৌরহরি ৷৷ নামরূপে তুমি নিত্যানন্দ মূর্তিমন্ত ৷ শ্রীবৈষ্ণবধাম তুমি ঈশ্বর অনন্ত ৷৷ যে
তকিছু তোমার অঙ্গের অলঙ্কার ৷ নববিধ ভক্তি বহি কিছু নাহি আর ৷৷ স্বেদ অশ্রু কম্প পুলক হুঙ্কারাদি রূপে ৷ নিরবধি তু
মি ধরিয়াছ নিজ সুখে ৷৷ নীচ জাতি অধম পতিত জত জন ৷ তোমা হৈতে সভার হইব বিমোচন ৷৷ যে ভক্তি দিয়াছ তুমি বণিকের ৬৬
তরে ৷ তাহা বাঞ্ছে সুর সিদ্ধ মুনি যোগেশ্বরে ৷৷ নীচ জাতি অধম আদি যত আছে ৷ তোমার প্রসাদে তারা ভক্তিতে নাহি নাচে ৷৷ স্বতন্ত্র করিয়া বে
দে যে কৃষ্ণ বেচে কয় ৷ হেন কৃষ্ণ সংসারে তুমি কর বিক্রয় ৷৷ তোমার মহিমা জানিবার শক্তি কার ৷ তুমি মূর্তিমন্ত কৃষ্ণরস অবতার ৷৷ ৬৪
বাহ্য নাহি জান তুমি পরানন্দ সুখে ৷ অহর্নিশি কৃষ্ণগুণ তোমার শ্রীমুখে ৷৷ কৃষ্ণ শুন তোমার হৃদয়ে নিরন্তর ৷ তোমার বিগ্রহে
কৃষ্ণ বিলাসের ঘর ৷৷ অতএব তোমারে জে জন প্রীতি করে ৷ সত্য সত্য কৃষ্ণ তারে কভু নাহি ছাড়ে ৷৷ তবে কত ক্ষণে নিত্যানন্দ মহা ৬৪
শয় ৷ বলিতে লাগিলা অতি করিয়া বিনয় ৷৷ প্রভু তুমি সে আমার রক্ষক সম্প্রতি ৷ সে তোমার বাহ্য সর্ব ভক্তের প্রতীতি ৷৷ প্রদক্ষিণ ৬৬
কর কিবা কর নমস্কার ৷ কিবা রাখ কিবা মার যে ইচ্ছা তোমার ৷৷ কোন বা কৌতুক প্রভু আছে তোমা স্থানে ৷ কিবা নাহি দেখ তুমি
দিব্য নয়নে ৷৷ মনপ্রাণ সভার ঈশ্বর প্রভু তুমি ৷ তুমি যে করাও সেই রূপ করি আমি ৷৷ আপনে আমারে তুমি দণ্ড ধরাইলা ৷
আপনেই ঘুচাইয়া একলা করিলা ৷৷ তাড় খাড়ু বেত্র শিঙ্গা ছান্দ দড়ি ৷ ইহা সে ধরিল আমি মুনিধর্ম ছাড়ি ৷৷ আচার্যাদি তোমার জতেক

প্রয়োজন ৷ সে তারে দিলা স্বপ্রভক্তি আচরণ ॥ মুনিধর্ম্ম ছাড়াই সাক্ষি দিলে আমারে ৷ ব্যবহারিজনে দেখি সভে নিন্দা করে ॥ তোমার নর্ত্তক
আমি নাচাও যে রূপে ৷ সেই রূপে নাচি আমি তোমার কৌতুকে ॥ কি নিগ্রহ কি অনুগ্রহ তুমি সে প্রমান ৷ বৃক্ষদ্বারে জগদিক সে তোমার নাম ॥
প্রভু বোলে তোমার অঙ্গে যত অলঙ্কার ৷ নববিধা ভক্তি বিনা নাহি দেখি আর ॥ শ্রবন কীর্ত্তন স্মরণাদি নমস্কার ৷ এই সে তোমার সর্ব্বকাল
অলঙ্কার ॥ নাগ বিভূষণ যেন করে শঙ্করে ৷ তাহা না কি বুঝিবারে অন্য জন পারে ॥ পরমার্থে মহাপ্রভু অনন্ত জীবন ৷ নাগ হনে অনন্ত
ধরেন সর্ব্বক্ষণ ॥ না বুঝিয়া নিন্দে তান চরিত্র অগাধ ৷ পাইয়াও বিষ্ণুভক্তি তান হয় বাদ ॥ সম্প্রতি তোমার অঙ্গে ভক্তিরস বিনে ৷ আন নাহি
দেখো আমি কি কায বাস্থা মনে ॥ নন্দগোষ্ঠীরস ভুমি বৃন্দাবন সুখে ৷ ধরিয়াছ অলঙ্কার চিত্তের কৌতুকে ॥ ইহা দেখি জে সুকৃতি চিত্তে পায়
সুখ ৷ অবশ্য দেখিব সেই শ্রীকৃষ্ণের মুখ ॥ বেত্র বংশী হার গুঞ্জা সিঙ্গা মাল্য গন্ধ ৷ সর্ব্বকাল এই রূপে তোমার শ্রীঅঙ্গ ॥ জতেক বালক দেখি
তোমার সংহতি ৷ শ্রীদাম সুদাম প্রায় লয় মোর মতি ॥ বৃন্দাবন ক্রীড়ার জতেক শিশুগণ ৷ সকল তোমার সঙ্গে লয় মোর মন ॥ সেই ভাব সেই
কান্তি সেই সব শক্তি ৷ সর্ব্ব দেহে দেখি সেই নন্দগোষ্ঠী ভক্তি ॥ এতেকে যে তোমারে তোমার সেবা করে ৷ যেন ব্রজ প্রীতে (?) কৃষ্ণ সে করে আমারে ॥
স্বানুভাবানন্দে দুই মুকুন্দ অনন্ত ৷ কি রূপে কহো কে বা জানে তার অন্ত ॥ ক্ষণেকে দুই প্রভু বাহ্য প্রকাশিয়া ৷ বসিলেন দুই জন পুষ্পে (?)
রবনে গিয়া ॥ ঈশ্বরে পরমেশ্বরে হয় কি বা কথা ৷ বেদে সে ইহার তত্ত্ব না জানে সর্ব্বথা ॥ নিত্যানন্দে চৈতন্যে যখনে দেখা হয় ৷ প্রায়
আর কেহো না থাকয় সে সময় ॥ কি কারণে আনন্দ বিগ্রহ দুইজন ৷ প্রভুর ইচ্ছায় কেহো না থাকে তখন ॥ নিত্যানন্দ স্বরূপো প্রভুর তত্ত্ব
জানি ৷ একান্তে সে আসিয়া দেখেন ন্যাসীমনি ॥ আপনারে প্রভু জেন নাকরেন ব্যক্ত ৷ এই মত শুক্লাম্বর (?) নিত্যানন্দ তত্ত্ব ॥ সুকোমল হরি

1136

জ্ঞেয় ঈশ্বর হৃদয়। বেদশাস্ত্রে কৃষ্ণ আশীর্বেশ এই কয়॥ না বুঝি না জানি মাত্র শতে গায় গাথা। লক্ষ্মীর এই শোভা বাক্ত অনেক কি কথা॥
এই মত ভাল বলে চৈতন্য গোসাঞি। এক কথা না কহে এক জন ঠাঞি॥ হেন শেষ তাহা নব রঙ্গ শাস্ত্রেই মানেন। আমার অধিক প্রীত কা
মৌনাবাশেষ॥ আমারে শেক কহে শকল গোপ্য কথা। মনিধর্ম্ম করি ঈশ্বর ভজিব শর্ব্বথা॥ বেধরং শি বহা অঙ্গ [illegible] ছান্দ দড়ি।
ইহারা ধরেন কেনে মনিধর্ম্ম ছাড়ি॥ কে হো বোলে মুনিধর্ম্ম অনেক প্রকার। বৃন্দাবনে গোপীক্রীড়া অধিক শভার॥ গোপগোপী ৬৭
ভক্তি শব তপশ্যার ফল। জাহারা শ্রেষ্ঠ কৃষ্ণ আদি ঈশ্বর শকল॥ অতি রূপা পাএ শে গোকুল ভাব পায়। যে ভক্তি বলেন প্রভু শ্রীই
ক্ষ্ণ রায়॥ তথাহি॥ বন্দে নন্দব্রজ স্ত্রীনাং পাদরেনু মভিক্ষ্ণশ। য়াশাং হরি কথোদ্গীতং পুনাতি ভুবন এয়ং॥ এই মত যেবে
ধবে করেণ বিচার। শর্ব্বমহী গৌরচন্দ্র করেণ স্বীকার॥ অনেকোনে বাশয়ে যেবা আনন্দ ইর্ষ্যায়। হেন রঙ্গী মহাপ্রভু শ্রীচৈতন্য ৬৫
রায়॥ ঈশ্বরের রূপামাত্র শতে আনন্দে বিহ্বল। কখন কখন রাজ আনন্দ কন্দল॥ ইহাতে যে এক বৈষ্ণবের পক্ষ হেয়া। অন্য ঈশ্ব ৬৫
রেরে নিন্দে শেই অভাগিয়া॥ ঈশ্বরের অভীষ্ট শকল ভক্তগণ। দেহেণ যে হেণ বাহু অঙ্গুলি চরণ॥ শ্রীভাগবতে॥ যথোমা ৬৭
জ্ঞানখানি শিশুপালারে শুদ্ধচিত্ত। পারক্য বুদ্ধ কুকতে এবং গুতেশ্চ মতপর॥ তথাপিও শর্ব্ব বৈষ্ণবের এই কথা। শভার ঈ
শ্বর প্রভু চৈতন্য শর্ব্বথা॥ নিয়ন্তা পালেন স্রষ্টা শর্ব্বদেশ ভব। শাতে মিলি এই [illegible] মাত্র গায়েণ মহত্ব॥ আরি ভাব হইতে
যে দেশ কল শরীরে। তাপ তার অবশ্য যে ভক্তি ফল ধারে॥ শর্ব্বশ্লাত্য শর্ব্বশক্তি দিয়াও আপনে। অপরাধ শাস্তিতে কারণ
